



বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ

বিআরপিডি সার্কুলার লেটার নং - ১২

১৯ ফাল্গুন ১৪৩০

তারিখ: -----

০৩ মার্চ ২০২৪

চেয়ারম্যান, পরিচালনা পর্ষদ
বিশেষায়িত ব্যাংক-কোম্পানী ব্যতীত
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

প্রিয় মহোদয়,

ব্যাংক-কোম্পানীর ব্যবস্থাপনা পরিচালক বা প্রধান নির্বাহী কর্মকর্তা পদে নিয়োগ/নিযুক্তির পূর্বে যোগ্যতা ও উপযুক্ততা মূল্যায়ন বিষয়ে বাংলাদেশ ব্যাংকের কমিটি প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে বিআরপিডি সার্কুলার নং-০৫ তারিখ ২৭ ফেব্রুয়ারি ২০২৪ এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

- ২। ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ১৫(৪) ধারায় বর্ণিত বিধানে বিশেষায়িত ব্যাংক ব্যতীত অন্য যে কোনো ব্যাংক-কোম্পানীর ব্যবস্থাপনা পরিচালক বা প্রধান নির্বাহী কর্মকর্তা পদে নিযুক্তি বা পুনঃনিযুক্তিতে অনুমোদন প্রদানে বাংলাদেশ ব্যাংককে ক্ষমতা প্রদান করা হয়েছে। এতদুদ্দেশ্যে ব্যাংক ব্যবস্থাপনায় অধিকতর সুশাসন নিশ্চিত করা এবং আমানতকারীগণের স্বার্থ রক্ষার্থে কোনো ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক বা প্রধান নির্বাহী কর্মকর্তার নিয়োগ বা পুনঃনিয়োগে সংশ্লিষ্ট ব্যাংকের সার্বিক অবস্থা ও বিদ্যমান প্রতিবন্ধকতা দূরীকরণপূর্বক ঋণ শৃঙ্খলা, উন্নতি, উৎকর্ষতা, প্রযুক্তি, উদ্ভাবন সর্বোপরি আমানতকারীদের আস্থা এবং গ্রাহক সেবা বৃদ্ধিতে তাঁর কর্মপরিকল্পনার বিষয়ে অবহিত হওয়া আবশ্যিক। সে অনুযায়ী বিআরপিডি সার্কুলার নং-০৫/২০২৪ এর অনুচ্ছেদ ১০ এবং অন্যান্য অনুচ্ছেদে মনোনীত ব্যক্তি/ব্যক্তিগণের যোগ্যতা ও উপযুক্ততা মূল্যায়নে সাক্ষাৎকার গ্রহণসহ প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করা হয়েছে।
- ৩। এক্ষণে, উক্ত সার্কুলারের অনুসরণে ব্যবস্থাপনা পরিচালক বা প্রধান নির্বাহী কর্মকর্তা হিসেবে ব্যাংকের মনোনীত ব্যক্তি/ব্যক্তিগণের যোগ্যতা, উপযুক্ততা, দায়িত্বের প্রতি অঙ্গীকার, অভিজ্ঞতা, বয়স ও নেতৃত্বের গুণাবলীর বিষয়াদি যাচাইয়ের লক্ষ্যে তাঁর/তাঁদের সাক্ষাৎকার গ্রহণের উদ্দেশ্যে ০৪ সদস্য বিশিষ্ট নিম্নরূপ কমিটি গঠন করা হয়েছে:

“ব্যবস্থাপনা পরিচালক বা প্রধান নির্বাহী কর্মকর্তা পদে নিয়োগ/পুনঃনিয়োগ বিষয়ক মূল্যায়ন কমিটি”

১. ডেপুটি গভর্নর (ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগের দায়িত্বপ্রাপ্ত)	সভাপতি
২. নির্বাহী পরিচালক (ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগের দায়িত্বপ্রাপ্ত)	সদস্য
৩. নির্বাহী পরিচালক (ডিপার্টমেন্ট অব অফসাইট সুপারভিশনের দায়িত্বপ্রাপ্ত)	সদস্য
৪. পরিচালক (ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ, ডিভিশন-২)	সদস্য ও সদস্য সচিব

৪। উক্ত কমিটির কর্ম পরিধি (Terms of Reference) নিম্নরূপ:

- মনোনীত ব্যক্তি/ব্যক্তিগণের সাক্ষাৎকার গ্রহণের লক্ষ্যে কমিটি কর্তৃক নির্ধারিত তারিখ, সময় ও স্থানে তাঁকে বিআরপিডি সার্কুলার নং-০৫/২০২৪ এর ১০ অনুচ্ছেদে বর্ণিত প্রয়োজনীয় কাগজপত্রাদিসহ ব্যক্তিগতভাবে উপস্থিত হওয়ার জন্য ব্যাংকের চেয়ারম্যান বরাবর পত্র প্রেরণ;
- ব্যাংক-কোম্পানী আইন, ১৯৯১ এবং বিআরপিডি সার্কুলার নং-০৫/২০২৪ ও বাংলাদেশ ব্যাংক কর্তৃক জারিকৃত অন্যান্য সার্কুলার/সার্কুলার লেটারের নির্দেশনা অনুযায়ী প্রার্থী/প্রার্থীগণের যোগ্যতা ও উপযুক্ততা নিরূপণ;
- প্রার্থীর দায়িত্বের প্রতি অঙ্গীকার, অভিজ্ঞতা, কর্মদক্ষতা, বয়স ও নেতৃত্বের গুণাবলীর বিষয়াদি যাচাই;
- মনোনীত ব্যক্তি/ব্যক্তিগণ পূর্বে কোনো ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা হিসেবে অধিষ্ঠিত থাকলে তাঁর সে সময়ের কর্মদক্ষতা মূল্যায়ন;
- সংশ্লিষ্ট ব্যাংকের সার্বিক অবস্থা ও বিদ্যমান প্রতিবন্ধকতা দূরীকরণপূর্বক ঋণ শৃঙ্খলা, উন্নতি, উৎকর্ষতা, প্রযুক্তি, উদ্ভাবন সর্বোপরি আমানতকারীদের আস্থা এবং গ্রাহক সেবা বৃদ্ধিতে মনোনীত ব্যক্তি কীভাবে অবদান রাখবেন সে সম্পর্কে তাঁর নিজের স্বাক্ষরিত কর্মপরিকল্পনার মূল্যায়ন;
- বিআরপিডি সার্কুলার নং-০৫ তারিখ ২৭ ফেব্রুয়ারি ২০২৪ এর ১৩(৩) অনুচ্ছেদের বিধান মোতাবেক গুনানি গ্রহণ ও নিষ্পত্তিকরণ;
- কমিটি কর্তৃক ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা হিসেবে নিয়োগের বিষয়ে সুপারিশ সম্বলিত প্রতিবেদন দাখিল।

- ৫। ব্যবস্থাপনা পরিচালক বা প্রধান নির্বাহী কর্মকর্তা হিসেবে নিয়োগের বিষয়ে উক্ত কমিটির ইতিবাচক সুপারিশের ভিত্তিতে বাংলাদেশ ব্যাংক তাঁর নিযুক্তি বা পুনঃনিযুক্তির অনুমোদন প্রদান করবে;
- ৬। মনোনীত ব্যক্তির যোগ্যতা, উপযুক্ততা, দায়িত্বের প্রতি অঙ্গীকার, অভিজ্ঞতা ও নেতৃত্বের গুণাবলীর বিষয় কমিটির নিকট ইতিবাচক ও গ্রহণযোগ্য মর্মে বিবেচিত না হলে নিয়োগের অনুমোদন না দেয়ার কারণ লিপিবদ্ধ করে পত্রের মাধ্যমে বাংলাদেশ ব্যাংক কর্তৃক সংশ্লিষ্ট ব্যাংকের চেয়ারম্যানকে অবহিত করা হবে;
- ৭। ব্যাংকের পরিচালনা পর্ষদের অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণার্থে এ সার্কুলার জারির অব্যবহিত পরবর্তী পরিচালনা পর্ষদের সভায় সার্কুলারের বিষয়বস্তু নিয়ে একটি স্বয়ংসম্পূর্ণ কার্যপত্র উপস্থাপন করতে হবে। এতদ্ব্যতীত, এ সার্কুলারটি ব্যাংকের সকল কর্মকর্তাগণের নজরে আনয়নের ব্যবস্থা করতে হবে।
- ৮। ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ১৫, ১৫ক ধারা এবং ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো। এ সার্কুলারে বর্ণিত নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,



(মোঃ হারুন-অর-রশিদ)

পরিচালক (বিআরপিডি)

ফোন-৯৫৩০০৯৫